দৈনিক ইত্তেফাক

তারিখ 2 1 DEC 1992
পৃষ্ঠা ৫ কলাম ৬

153

# দুইটি সংঘর্ষে তিনজন ছাত্রনেতা আহত

ইত্তেফাক রিপোর্ট ।। গতকাল (রবিবার) ঢাকা কলেজ ও নিউ-মডেল ডিগ্রী কলেজে পৃথকভাবে দুইদল ছাত্রের সংঘর্ষে ৩ জন ছাত্র আহত হয়। ঢাকা কলেজে ছাত্রদলের অভ্যন্তরীণ কোন্দলের জের হিসাবে সন্ত্রাসী ঘটনায় ছাত্রদল কর্মী জাকির হোসেন আজাদ (২৩) প্রহৃত এবং নিউ মডেল

( শেষ পৃঃ ৫-এর কঃ দ্রঃ )

## দুইটি পৃথক সংঘর্ষে

( ১ম পৃঃ পর )

ডিগ্রী কলেজে ছাত্রলীগের (ম-ই) কোন্দলের জের হিসাবে ছাত্রলীগ কর্মী আনজীল আহমদ শ্যামল (১৯) গুলীবিদ্ধ ও ছাত্রলীগ কর্মী শওকত (২০) বোমার আঘাতে আহত হয়। আহত আজাদ ও শ্যামলকে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হইয়াছে। সকাল সাড়ে ১১ টায় ঢাকা কলেজ ক্যান্টিনের সম্মুখে ছাত্র দলের একটি গ্রুপ ছাত্রদল কর্মী আজাদের উপর হামলা চালায়। হামলাকারীরা তাহাকে রাইফেলের বাট দিয়া প্রহার করে। মুখে গুরুতর আহত অবস্থায় আজাদকে হাসপাতালে প্রেরণ করা হয়। একই সময় নিউ মডেল ডিগ্রী কলেজের ছাত্রলীগের (ম-ই) দুই গ্রুপের মধ্যে প্রথমে ধাওয়া-পাল্টা ধাওয়া এবং পরে গুলী বিনিময় হয়। এই সময় শ্যামল গুলীবিদ্ধ ও বোমায় শওকত আহত হয়। অতর্কিত এই ঘটনায় এলাকায় আতংক ছড়াইয়া পড়ে। কলেজের ছাত্র-ছাত্রী ও রাস্তার পথচারীরা দিক-বিদিক ছুটাছুটি শুরু করিয়া দেয়। মিরপুর রোডে কিছু সময়ের জন্য যানবাহন চলাচল বন্ধ থাকে। এই ঘটনায় মোহাম্মদপুর থানায় উভয় পক্ষ হইতে ২টি মামলা দায়ের করা হইয়াছে।

নিউ মডেল ডিগ্রী কলেজ ছাত্র সংসদ এক বিবৃতিতে বলিয়াছে, ১৩ই ডিসেম্বর একটি সংবর্ধনা সভা পরিচালনাকে কেন্দ্র করিয়া সৃষ্ট অপ্রীতিকর ঘটনার জের হিসাবে বাবু ও পান্নার নেতৃত্বে ২০/২৫ জনের একটি সশস্ত্র গ্রুপ গতকাল কলেজ ক্যাম্পাসে হামলা চালায়। এই সময় দ্বিতীয় বর্ষের ছাত্র তানজিল আহমদ গুলীবিদ্ধ হন। বিবৃতিতে অবিলম্বে ঘটনায় জড়িতদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের আহ্বান জানান হয়।